মুজিবনগরে বড়দিন উপলক্ষে উৎসবের আমেজ

রাত পোহালেই ২৫ শে ডিসেম্বর খ্রীষ্টান সম্প্রাদায়ের সবচেয়ে বড় উৎসব শুভবড়দিন, এ দিন জেরুজালেম এর বেথেলহেমে মা মারিয়ার গর্ভে জন্ম নিয়ে ছিল যীশুখ্রিষ্ট।বড়দিন উপলক্ষে রংবেরং এর বর্ণিল সাজে সেজেছে মুজিবনগর এলাকার খ্রিষ্টান পল্লীগুলো, বিরাজ করছে উৎসবের আমেজ দুরদুরান্ত থেকে নাড়ির টানে এলাকায় ফিরছে খ্রিষ্টান সম্প্রাদায়ের মানুষ আশেপাশের অন্য সম্প্রাদায়ের মানুষের মাঝেও উৎসবের আমেজ লক্ষ্য করা যাচ্ছে। খ্রিষ্টান পল্লীর পাড়ার মোড়ে মোড়ে যিশু খ্রিষ্ট বেথেলহেমের যে গোয়াল ঘরে জন্ম গ্রহন করেছিল তার আদলে তৈরি করা হয়েছে গোশালা।

আজ রবিবার দিবাগত রাত থেকে শুরু হবে মূল উৎসব। মুজিবনগর উপজেলায় সবচেয়ে বেশি খ্রিষ্টান সম্প্রাদায়ের লোক বাস করে বল্লভপুর ও ভবেরপাড়া গ্রামে।

বড়দিন উপলক্ষে বাগোয়ান ইউপি সদস্য বল্লভপুর গ্রামের মি: বাবুল মল্লিক জানান বড়দিন উপলক্ষে ডীনারির অন্তরর্গত চার্চ গুলোতে ব্যাপক আয়োজন করা হয়েছে।

আগামীকাল সোমবার সন্ধা সাড়ে ছয়টা থেকে গীর্জায় প্রার্থনা, আনন্দ ফুর্তি, নাচ গান এবং গোশালা গুলো উদ্বোধণ করা হবে এবং ২৬ তারিখে থেকে বল্লভপুর খেলার মাঠে ১শত বছরের ঐতিহ্য ৭দিন ব্যাপি আনন্দ মেলা অনুষ্ঠিত হবে। বড় দিনের নিরাপত্তার জন্য প্রশাসন সর্বাত্বক সহযোগীতা করছেন, প্রশাসনের পাশাপাশি চার্চ ও মেলা কমিটিও নিরাপত্তার জন্য নিজস্ব ব্যবস্হা গ্রহন করেছে।

বল্লভপুর প্যারিস ইম্মানূয়েল চার্চের পুরোহিত রেভারেন্ট মৃত্যুঞ্জয় মন্ডল, জানান যীশু খ্রিষ্টের জন্মদিন শুভবড়দিন উপলক্ষে ইম্মানূয়েল চার্চের নিয়ন্ত্রনাধীন চার্চগুলোতে ব্যাপক আয়োজন করা হয়েছে। গীর্জাগুলো বর্ণীল সাজে সাজানো হয়েছে। আগামীকাল সোমবার রাত ৮ টার সময় খ্রিষ্ঠযাগ এর মাধ্যমে মূল অনুষ্ঠান শুরু হবে এবারের শুভ বড়দিনের মনসুর মুক্তিদাতার জন্মগ্রহণে বাক্য মাংসে মূর্তিমান।

বাগোয়ান ইউপি সদস্য ভবের পাড়া গ্রামের সিবাস্তিন মল্লিক জানান

বড়দিন উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানের নিরাপত্তার জন্য প্রশাসন সর্বাত্বক সহযোগীতা করছেন এবং খ্রিষ্টান সম্প্রাদায়ের মানুষ সহ সকল ধর্মালম্বীর মানুষ আমাদের সাথে সর্বাত্তক সহযোগীতা করছে।

মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার আজগর আলী বলেন বড়দিন উপলক্ষে সরকারি সহায়তা হিসাবে উপজেলার ১৭টি চার্চ কে ৫ শত কেজি করে ঘরে চাউল দেওয়া হয়েছে এবং স্বাস্থ্যবিধি মেনে সাম্প্রদায়িক সম্প্রীতির সহিত সকল অনুষ্ঠান স্বতঃস্ফূর্তভাবে পালন করতে পারে তার জন্য সমস্ত ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

নিরাপত্তার বিষয়ে জানতে চাওয়া হলে মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উজ্জল দত্ত জানান, বড়দিন উপলক্ষে যে কোন অপ্রীতিকর ঘটনা প্রতিহত করার জন্য তিনস্তরের নিরাপত্তা ব্যবস্হা গ্রহন করা হয়েছে। তিনি নিজেও বিভিন্ন এলাকা ঘুরে নিরাপত্তা ব্যবস্থা তদারকি করছেন।

উপজেলার প্রত্যেকটি গীর্জায় সার্বক্ষনিক পোশাক পরিহিত অবস্থায় পুলিশ প্রহরার ব্যবস্থা করা হয়েছে। পাশাপাশি সাদা পোশাকে পুলিশের টিম কাজ করে যাবে। প্রতিবারের ন্যায় সরকারী নির্দেশনা অনুযায়ী স্বাস্হ্যবিধি মেনে খ্রিষ্টান সম্প্রাদায়ের মানুষ সতস্ফুর্ত ভাবে নিরাপত্তার মধ্যে যাতে বড়দিনের অনুষ্টান পালন করতে পারে প্রশাসনের পক্ষথেকে সবরকম ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

দেবাশীষের বিরুদ্ধে চেক চুরির মামলা,পুলিশ প্রতিবেদন প্রত্যাখ্যান মৃদুলের

চেক ডিজঅনার হওয়াতে উকিল নোটিশ পাঠানোর পর দেবাশীষ কুমার বাগচির বিরুদ্ধে উল্টো চেক চুরির মামলা করেছিলেন শহীদ সরফরাজ হোসেন মৃদুল। এছাড়া আগেই চেক উদ্ধারের জন্য ফৌঃ কাঃ বিঃ আইনের ৯৮ ধারাতে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে পিটিশন ৪৯২/২০২৩ নং মামলাটি করেছিলেন তিনি। আদালত মামলাটি গ্রহণ করে সদর থানার

ওসি তদন্তকে তদন্ত করে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেন।

গত বুধবার (২০ ডিসেম্বর) পুলিশের পক্ষ থেকে তদন্তকারী কর্মকর্তা আদালতে সার্চ ওয়ারেন্ট সম্পন্ন করে চেক পাওয়া যায় নাই মর্মে প্রতিবেদন দাখিল করে। এসময় মৃদুল তার আইনজীবের মাধ্যমে পুলিশ প্রতিবেদনের প্রতি নারাজি জানান।

এসময় আদালতে মৃদুলের পক্ষে আইনজীবী হিসেবে উপস্থিত ছিলেন এডভোকেট খন্দকার আব্দুল মতিন, কে এম নুরুল হাসান, নাজমুল হুদা ও এস এম আমানুল্লা আল আমান। এবং দেবাশীষ বাগচীর পক্ষে আইনজীবী হিসেবে ছিলেন খ ম ইমতিয়াজ বিন হারুন জুয়েল।

মৃদুলের আইনজীবীরা আদালতে বলেন ‘আমরা চেক উদ্ধারের মামলা করেছি, প্রথমে এই বিষয়ে তদন্ত হবে। তারপর তদন্ত প্রতিবেদন আসলে সার্চ ওয়ারেন্টের আদেশ হবে। তদন্তকারী কর্মকর্তা তদন্ত না করে সার্চুয়ার ইন করে এই প্রতিবেদন দেয়ায় প্রতিবেদনটি সঠিক হয় নাই। ঘোড়ার আগে গাড়ি চলে গেছে। এজন্য আমরা পূর্ণ তদন্ত দাবি করছি।’

এ সময় দেবাশীষের আইনজীবী খ ম ইমতিয়াজ বিন হারুন জুয়েল সময়ের আবেদন করে বলেন তার মক্কেল অনিবার্য কারণবশত আদালতে হাজির হতে পারেন নাই। তিনি সময় প্রার্থনা করেছেন। এবং মৌখিকভাবে বলেন যে চেকটি উদ্ধারের জন্য মামলা করা হয়েছে সেটি দিয়ে মেহেরপুর সদর আমলি আদালতে এন আই এক্টের ১৩৮ ধারাতে একটি মামলা করা হয়েছে। তাই ওই চেক উদ্ধারের জন্য এই মামলা করে কোন লাভ নাই।

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মুঃ তানভীর হাসান রুমান এ সময় উভয়পক্ষের বক্তব্য শুনে মৃদুলের আবেদন মঞ্জুর করে পুনরায় অন্য কোন কর্মকর্তা দ্বারা তদন্ত করতে পুলিশকে নির্দেশ প্রদান করেন।

ইতোপূর্বে গত ৫ সেপ্টেম্বর সকাল সাড়ে ১১টায় মেহেরপুরের সোডাপ মিলনায়তনে জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শহীদ সরফরাজ হোসেন মৃদুলের বিরুদ্ধে করা সংবাদ সম্মেলনে পাওনা টাকা ও ন্যায়বিচার না পেলে পরিবারসহ আত্মহত্যার হুমকি দিয়েছিলেন মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক কমিটির সদস্য দেবাশীষ কুমার বাগচি মনু।

সে সময় সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে দেবাশীষ কুমার বাগচি মনু বলেছিলেন, ‘আমি আওয়ামী পরিবারের সন্তান এবং আমি নিজেও বর্তমানে মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক কমিটির সদস্য। পারিবারিক সূত্রে

প্রভাব খাটিয়ে ক্ষমতার দাপট দেখিয়ে মানসিকভাবে নির্যাতন করা হচ্ছে। আমাকে দেওয়া চেক ছিনিয়ে বা প্রশাসনিক ক্ষমতায় নিয়ে নেওয়া হলে এবং আমি ন্যায়বিচার না পেলে পরিবারসহ আত্মহত্যা করা ছাড়া আমার কোনো উপায় থাকবে না।’

উক্ত সংবাদ সম্মেলনটিতে মেহেরপুর জেলায় কর্মরত বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

ঘন কুয়াশায় নিয়ন্ত্রণ হারিয়ে বাস খাদে, আহত-৭

ঘন কুয়াশার কারণে নিয়ন্ত্রণ হারিয়ে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনীর কামারপাড়া নামক স্থানে শ্যামলী পরিবহনের একটি বাস উল্টে সড়কের পাশের গর্তে পড়ে যায়। এ ঘটনায় আহত হয়েছেন ৭ জন।

আজ রবিবার (২৪ ডিসেম্বর) ভোরে দিকে এই দুর্ঘটনা ঘটে।

বাসটির সুপারভাইজার জানান, শনিবার রাতে যাত্রী নিয়ে ঢাকা থেকে মেহেরপুরের উদ্দেশে ছেড়ে আসে শ্যামলী পরিবহনের বাসটি। ঘন কুয়াশায় বাসটি ধীরগতিতে আসছিল। কুয়াশা বেশি থাকায় চালক দেখতে না পেয়ে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের কামারপাড়া নামক স্থানে খাদের মধ্যে পড়ে যায়। এ সময় গাড়ির ড্রাইভার, নারী ও শিশুসহ মোট সাতজন আহত হয়। স্থানীয়রা দ্রুত ঘটনাস্থল এসে উল্টে যাওয়া বাসের মধ্যে থাকা যাত্রীদের উদ্ধার করে।

মেহেরপুরে বিএনপির ১৪ জন নেতা

আটক

মেহেরপুরে অবরোধ সমর্থনে মিছিল করার সময় বিএনপির ১৪ নেতাকে আটক করেছে পুলিশ।

আজ রবিবার ভোরে জেলার গাংনী উপজেলার বামন্দী এলাকার একটি ইটভাটার সামনে থেকে ১১ জন এবং সদর উপজেলার বিভিন্ন স্থান থেকে ৩ নেতাকে আটক করা হয়েছে।

আটকরা হলেন- মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুল আওয়াল, সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, সাহারবাটি ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি শরিফ মালিথা, বামন্দী ইউনিয়ন যুবদলের সভাপতি নাহারুল ইসলাম, গাংনী পৌরসভার ৯ নম্বর ওয়ার্ড সভাপতি বশির আহমেদ, সাহারবাটি ইউনিয়ন বিএনপির যুগ্ম সম্পাদক কাবেল উদ্দিন, বামন্দী ইউনিয়ন যুবদলের সভাপতি মাহিদুর রহমান, সহসভাপতি আশরাফুল ইসলাম, বামন্দী ইউনিয়ন বিএনপির সহসভাপতি আবু তাহের, যুগ্ম সম্পাদক রবিউল ইসলাম, মেহেরপুর পৌর বিএনপির সহসভাপতি আবু ইউসুফ মিরন, সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক ইলিয়াস হোসেন, সহসভাপতি আলী রেজা।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি সাবেক এমপি মাসুদ অরুন বলেন, গাংনীতে অবরোধ সমর্থনে মিছিল থেকে পুলিশ ২৭ জনকে আটক করার পরে ১৭ জনকে ছেড়ে দিয়েছে। সদরে বিভিন্ন বাড়ি বাড়ি অভিযান চালিয়ে ৩ জনকে আটক করা হয়েছে।

এসকল আটকের নিন্দা জানিয়ে তিনি বলেন, পুলিশ বিএনপির নেতাকর্মীদের ঘর ছাড়া করতে মাঠে নেমেছে। আগামী ৭ জানুয়ারি পর্যন্ত কোন বিএনপির নেতাকর্মীকে তারা মেহেরপুরে থাকতে দেবে না বলে হুমকি ধামকি দিচ্ছে।

মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) আহসান খান বলেন, গাংনীর বামন্দী এলকার একটি ইটভাটায় বিএনপির নেতাকর্মীরা একত্রে হয়ে নাশকতার পরিকল্পনার করার সময় ১০ জনকে আটক করা হয়েছে। সদর থানা পুলিশ বিভিন্ন স্থান থেকে তিনজনকে আটক করেছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মেহেরপুর সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান আব্দুল মালেক মোল্লা, বঙ্গবন্ধু সৈনিকলীগের কেন্দ্রীয় কমিটির সম্পাদক মন্ডলীর সদস্য এ্যাড. আমজাদ আলী, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সদস্য ও মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউর রহমান নান্নুর, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বল্টু, মেহেরপুর জেলা তাঁতীলিগের সভাপতি সুবাদ আলী, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা, আমদহ ইউনিয়ন যুবলিগের সাধারণ সম্পাদক আব্দুস সামাদ, মেহেরপুর জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক লাভলী ইয়াসমিন, মেহেরপুর মহিলা পৌর আওয়ামী লীগের সভাপতি রেহেনা মান্নান, সপুরা খাতুন সহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

উন্নয়নের ধারা অব্যাহত রাখতে মানুষ নৌকায় ভোট দেবে

মেহেরপুর-২ (গাংনী) আসনে বাংলাদেশ আওয়ামী লীগের দলীয় মনোনীত প্রার্থী ডা. আবু সালেহ মোঃ নাজমুল হক সাগর বলেছেন উন্নয়নের ধারা অব্যাহত রাখতেই মানুষ স্বাধীনতার ও উন্নয়নের প্রতীক নৌকায় ভোট দেবে।

শনিবার (২৩ ডিসেম্বর) বিকালে মেহেরপুরের গাংনী উপজেলার

বামুন্দিতে গণ-সংযোগকালে তিনি এ কথা বলেন।

বামন্দি ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে গণসংযোগ করে দলীয় কর্মী সমর্থকদের নিয়ে তিনি বামন্দি বাসস্টান্ডে সমবেত হন। এ সময় বাজারের দোকানী, ক্রেতা ও পথচারীসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষের কাছে নৌকা প্রতীকে ভোট প্রার্থনা করেন।

গণসংযোগ কালে নাজমুল হক সাগরের সাথে মেহেরপুর জেলা আওয়ামী লীগের উপদেষ্টা ইছার উদ্দিন, সহ-সভাপতি শহিদুল ইসলাম বিশ্বাস, যুগ্ম সাধারণ সম্পাদক একেএম শফিকুল আলম, গাংনী পৌর মেয়র আহমেদ আলী, কেন্দ্রীয় যুবলীগ নেতা রেজাউল ইসলাম রেজা, সাবেক ছাত্রলীগ নেতা মিজানুর রহমান লালনসহ স্থানীয় আওয়ামী লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গণ-সংযোগ শেষ করে তিনি সাংবাদিকদের বলেন, ‘গত ১৫ বছরে বাংলাদেশের যে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে তা দৃশ্যমান। ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গঠনের যে প্রতিশ্রুতি শেখ হাসিনা দিয়েছেন তা অবশ্যই পূরণ হবে। এজন্য দরকার তার প্রতি আমাদের সকলের সমর্থন। এজন্যই উন্নয়নের ধারা অব্যাহত রাখা এবং পিছিয়ে পড়া গাংনীকে এগিয়ে নিতে আবারো নৌকাকে বিজয়ী করতে হবে।

মুজিবনগরে গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

মুজিবনগরে গ্রামের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে সহযোগিতার মাধ্যমে সাধারণ মানুষকে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে।গড়ে ওঠে গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন। গ্রামের সাধারণ জনগোষ্ঠীর নিজেদের টাকার সঞ্চয় দিয়ে তিল তিল করে গড়ে ওঠা মুজিবনগর উপজেলার সবথেকে বড় ক্রেডিট ইউনিয়ন গোপালনগর কো-

অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন। এই ক্রেডিট ইউনিয়ন স্বচ্ছতার মাধ্যমে বিভিন্ন স্কিম এর আওতায় তাদের ৩৭৭০ জন সদস্যদেরকে সেবা দিয়ে যাচ্ছে।

সেই ক্রেডিট ইউনিয়ন গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ২৭ তম বার্ষিক সাধারণ সভা -২০২৩ অনুষ্ঠিত হয়েছে শনিবার সকাল সাড়ে দশটার সময় গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন এর অফিস প্রাঙ্গনে এই সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক এর সভাপতিত্বে এবং কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের ম্যানেজার মাহফুজ আলম এর সঞ্চালনায়,সাধারণ সভায়, প্রধান অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার আজগর আলী। প্রধান আলোচক হিসাবে উপস্হিত ছিলেন মেহেরপুর জেলা সমবায় কর্মকর্তা প্রভাষ চন্দ্র বালা।

বিশেষ অতিথি হিসাবে ছিলেন,মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা উজ্জল কুমার দত্ত, মুজিবনগর উপজেলা সমবায় কর্মকর্তা জহুরুল ইসলাম,দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ (কালব) ,অঞ্চল ডিরেক্টর আরিফ হাসান, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান, গোপালনগর কো-অপারেটিভ ইউনিয়নের সহ-সভাপতি সাফায়েত হোসেন, সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, কোষাধ্যক্ষ আবু নাঈম ডালিম, সদস্য ইনসান আলী ও আনিদুল ইসলামসহ গোপালনগর অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের কর্মকর্তা ও কর্মচারী এবং গোপালনগর ক অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের ৩৩৭০ জন সদস্য ও সদস্যবৃন্দ।

গাংনীতে নৌকার নির্বাচনী অফিসে দূর্বৃত্তের আগুন

গাংনীর হেমায়েতপুর গ্রামে আওয়ামী লীগ সমর্থিত প্রার্থীর একটি নির্বাচনী অফিস আগুনে ভষ্মীভূত হয়েছে। মেহেরপুর-২ সংসদীয় আসনের অনুমোদিত নির্বাচনী অফিসটি রাতের আঁধারে পুড়িয়ে দিয়েছে অজ্ঞাত দুর্বৃত্তরা।

গতকাল শুক্রবার ভোর রাতের কোন এক সময় অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটে। গাংনী থানা পুলিশের একটি টীম ও আওয়ামীলীগ সমর্থিত প্রার্থী এ এস এম নাজমুল হক সাগর ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

নির্বাচনী অফিসের দ্বায়িত্বে থাকা কর্মী শরীফুল ইসলাম জানান, রাত ১২টার পর তিনি ও তার লোকজন অফিস বন্ধ করে বাড়ি চলে যান। ভোর চারটার দিকে হঠাৎ আগুন দেখতে পেয়ে চিৎকার দেন তিনি। স্থানীয় লোকজন এসে আগুন নেভানোর চেষ্টা করেন। তবে কে বা কারা এ অগ্নীকান্ডের ঘটনা ঘটাতে পারে সে ব্যাপারে নিশ্চিত নন তিনি সহ স্থানীয় লোকজন।

মেহেরপুর-২ সংসদীয় আসনের নৌকা প্রতীকের প্রার্থী এ এস এম নাজমুল হক সাগর বলেন, ‘উৎসব মুখর পরিবেশে পরিবেশের নির্বাচনের প্রচারণা চলছে। জনমনে ভীতি সৃষ্টির জন্য কেউ এ ধরনের ঘটনা ঘটিয়েছে। গোয়েন্দা সংস্থা ও আইনশৃঙ্খলা বাহিনীর প্রতি আমার অনুরোধ ঘটনাটি খতিয়ে দেখে অপরাধীদের যেন দ্রুত বিচারের আওতায় আনা হয়। ‘

গাংনী থানার অফিসার ইনচার্জ তাজুল ইসলাম মেহেরপুর প্রতিদিনকে বলেন, ‘ সকালেই আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। নির্বাচনী অফিসটির অনুমোদন ছিলো না। ওখানে যে কোন নির্বাচনী অফিস আছে প্রার্থী নিজেই সেটা জানতেন না। আর নির্বাচনী অফিস বলতে সেখানে ছিল একটা তাবু। তাঁবুর পাশে পাটকাঠি রাখা ছিলো। আগুন লাগার পর সেখানে ফায়ার সার্ভিস গেছিলো। কেউ উদ্দেশ্যমূলকভাবে ঘটনাটি ঘটাতে পারে। কারা এ ঘটনাটি ঘটিয়েছে তা খুঁজে বের করার চেষ্টা চলছে। এছাড়াও নৌকার প্রার্থীকে আমরা লিখিত অভিযোগ করতে অনুরোধ করেছিলাম। এখন পর্যন্ত তিনি কোন লিখিত অভিযোগ করেননি।

মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার আহসান খান মেহেরপুর প্রতিদিনকে বলেন, ‘অগ্নিকাণ্ডের বিষয়টি নিয়ে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী এখন পর্যন্ত কোন অভিযোগ করেননি। তবে বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। অতি শীঘ্রই ঘটনাটির সাথে জড়িতদের খুঁজে বের করা হবে।’

মেহেরপুরের আমঝুপি ইউনিয়নে প্রফেসর আব্দুল মান্নানের পথসভা

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের পথসভা অনুষ্ঠিত হয়।

আজ শুক্রবার রাতে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মেহেরপুর সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান আব্দুল মালেক মোল্লা, বঙ্গবন্ধু সৈনিকলীগের কেন্দ্রীয় কমিটির সম্পাদক মন্ডলীর সদস্য এ্যাড. আমজাদ আলী, আমঝুপি ইউনিয়ন যুবলীগের সভাপতি চমন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা, আমঝুপি ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি নাছিম সহ বিভিন্ন নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।